মেহেরপুর ফুটবল এসোসিয়েশনের সভাপতি বাবলু বিশ্বাস

মেহেরপুর জেলা ফুটবল এসোসিয়েশনের সভাপতি পদে উপ-নির্বাচনে সভাপতি নির্বাচিত হয়েছেন আব্দুস সামাদ বাবলু বিশ্বাস । ১৭ টি ভোট পেয়ে তিনি সভাপতি নির্বাচিত হন।

তার নিকটতম প্রতিদ্বন্দ্বী শাহিনুর রহমান রিটন পেয়েছেন ৪ টি ভোট। অবশ্য রিটন তার প্রার্থীতা প্রত্যাহার করেন ভোট গ্রহণের কয়েক ঘন্টা পূর্বে।

শনিবার সকাল ৯টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত ভোট গ্রহন অনুষ্ঠিত হয়। মোট ২২ জন ভোটারের মধ্যে ২১ জন ভোটাধিকার প্রয়োগ করেন।

প্রধান নির্বাচন কমিশনার হিসেবে দায়িত্বে ছিলেন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আনোয়ার হোসেন। পর্যবেক্ষক হিসেবে ছিলেন জেলা ক্রিয়া অফিসার আরিফ আহম্মেদ।

উল্লেখ্য মেহেরপুর জেলা ফুটবল এসোসিয়েশনের সভাপতি কে এম আতাউল হাকিম লাল মিয়ার মৃত্যুজনিত কারণে সভাপতি পদ শূন্য হয়ে যায়।

মেপ্র/এমএফআর

বারাদীতে আ: জলিল’র স্মরণে মিলাদ

মেহেরপুর সদর উপজেলার বারাদী বাজারে মিলাদ ও দোয়ার অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। গত সোমবার বাদ আছর বারাদী বাজারের ব্যবসায়ী আবদুল জলিল, শাহাবদ্দীনও শাহাজানের মৃত্যুতে বারাদী বাজার কমিটির উদ্যোগে মিলাদও দোয়ার অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

এ সময় উপস্থিত ছিলেন বারাদী বাজার কমিটির সাধারণ সম্পাদক

সাজ্জাদুর রহমান সাজ্জাদ, সাবেক পিরোজপুর ইউনিয়ন আওয়ামী লীগ সভাপতি নাজিম উদ্দিন পন্ডিত, আহসান হাবিব ছোট, আনিসুর রহমান, ছমির উদ্দিন, আঃ মাবুদ।

দোয়া পরিচালনা করেন মুফতি মাওলানা মাসুদুর রহমান।

মুজিবনগরে বেড়েছে পর্যটক, হয়রানির কারণ পাখিভ্যান

স্বাধীনতার সূতিকাগার মেহেরপুরের মুজিবনগর। বাংলাদেশের প্রথম সরকার শপথ নিয়েছিল এই ঐতিহাসিক স্থানে। মুক্তিযুদ্ধের স্মৃতি বিজড়িত এই জায়গাটি দেখতে সারা বছরই পর্যটক আসে দেশের বিভিন্ন প্রান্ত থেকে। করোনা পরিস্থিতি কিছুটা স্বাভাবিক হওয়ায় চলতি শীত মৌসুমেও বেড়েছে পর্যটকদের আনাগোনা।

দেশের বিভিন্ন প্রান্ত থেকে ভ্রমণ পিপাসুরা আসছেন মুজিবনগর দেখতে। কিন্তু ভ্রমণের আনন্দে বাঁধ সেজেছে এখানকার ভ্যান চালকরা। পর্যটকদের গাড়ি পৌঁছানোর সঙ্গে সঙ্গে তাদের পাখি ভ্যানে তোলা নিয়ে প্রতিযোগীতা শুরু হয়ে যায় ভ্যান চালকদের। সীমান্ত বর্ডার দেখানোর নাম করে কয়েকটি গ্রাম ঘুরিয়ে পর্যটকদের কাছ থেকে হাতিয়ে নিচ্ছে টাকা।

কখনো কখনো রিজার্ভ করা ভাড়ার দ্বিগুন দাবি করে হয়রানি করছে পর্যটকদের। প্রতিনিয়তই ঘটছে এই ধরণের ঘটনা। এ নিয়ে অনেক সময় পর্যটকদের সাথে ভ্যান চালকদের বাকবিতণ্ডার ঘটনাও ঘটেছে।

ঝিনাইদহ থেকে ঘুরতে আসা স্কুল শিক্ষক জামিরুল ইসলাম জানান, আমরা পিকনিক স্পটে বাস থেকে নামার সাথে সাথে কয়েকজন ভ্যানচালক বাসের কাছে হাজির হয়ে বর্ডার দেখতে নিয়ে যাবে বলে ভ্যানে তুলে নেই। তারপর মুজিবনগরের আশেপাশের বিভিন্ন গ্রাম ঘুরিয়ে কয়েক ঘন্টা সময় পার করে আমাদের আবার পিকনিক স্পটে নামিয়ে দেয়। যেটা দেখতে এসেছি সেটাই দেখা হলো না।

নড়াইল থেকে পরিবার নিয়ে ঘুরতে আসা রিফাত জানান আমরা এই প্রথম পরিবার সাথে করে ঘুরতে এসেছি। ভ্যানচালকরা বিভিন্ন জায়গা দেখাবে বলে ভ্যানে তুলে নেই। কিন্তু গ্রাম ছাড়া সেরকম কিছুই দেখাইনি। আর এর বিনিময়ে জন প্রতি ৫০ টাকা করে নিয়েছে। অথচ কথা ছিল সীমান্ত বর্ডার দেখিয়ে আনবে ৩০ টাকা ভাড়ায়। এত টাকা কেন নিচ্ছে জানতে চাইলে চালকের সাথে বাকবিতণ্ডা বেধে যায়।

কুষ্টিয়া থেকে আসা সাকিব, রায়হানসহ কয়েকজন দর্শনার্থীরা জানান, ভ্যানচালকরা মুজিবনগর স্মৃতি কমপ্লেক্স না দেখিয়ে, সোনাপুর, নাজিরাকোনা, জয়পুর নামের বিভিন্ন গ্রামের বর্ডারে নিয়ে যায়। এতে করে অনেক সময়ও নষ্ট হয়। কিন্তু মুজিবনগর কমপ্লেক্স এর ভিতর ভ্যান ঢুকতে না দেওয়ায় আমাদের সেই হেটেই মুজিবনগর কমপ্লেক্স এ ঘুরতে হয়েছে। অযথা ভ্যানে চড়ে টাকাগুলো নষ্ট করা হলো। আমাদের যেটা বলে ভ্যানে তোলা হয়েছিল তার কোনটায় করেনি চালক।

এভাবে বিভ্রান্তিকর তথ্য দিয়ে পর্যটক হয়রানি কেন করা হচ্ছে জানতে চাইলে পাখী ভ্যানচালক ফয়জদ্দীন জানান, মুজিবনগর কমপ্লেক্সে ভাড়া মারার জন্য প্রায় ২ শত এর উপরে ভ্যান আছে। মুজিবনগর কমপ্লেক্সের ভিতরে ভ্যান প্রবেশ করতে না দেওয়ায় এই সমস্যাটা হচ্ছে। ভিতরে ভ্যান প্রবেশ করতে দিলে এই সমস্যাটা আর থাকবে না।

ভ্যানচালকদের সর্দার বাশির আলী জানান, এর আগে সিরিয়ালের সময় তাদেরকে আমি লিড দিতাম। তবে এবার করোনার কারণে লোকজন না আসায় সিরিয়ালের প্রয়োজন হয় না। তাই এখন সকল ভ্যানচালকরা যে যার মত করে ভাড়ায় খাটছে।

এ বিষয়ে মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা সুজন সরকার জানান, বিষয়টি আমরা জানা ছিল না। পর্যটকরা যাতে হয়রানি না হয় সেজন্য আমরা ব্যবস্থা গ্রহণ করবো। প্রয়োজনে চালকদের সাথে সমম্বয় সভা করে নিয়ম মাফিক চলাচলের জন্য বলা হবে।

[illegible]

[illegible] [illegible] [illegible] [

নাম প্রকাশ করা যাবে না এমন শর্তে জানান, সামাজিক যাত্রাপালা হওয়ার কথা থাকলেও রাত বাড়ার সাথে সাথে অশ্লীল নিত্য দেখা যায়। করোনা কালীন সময়ে যেখানে ওয়াজ মাহফিল প্রশাসনের কাছে অনুমতি পাচ্ছে না সেখানে কিভাবে অশ্লীল যাত্রা পুলিশ কর্মকর্তারা নিজে দাঁড়িয়ে থেকে চালাতে দিচ্ছে এমন প্রশ্নই জনমত সৃষ্টি হয়েছে।

বাওট গ্রামের এক যুবক জানান, রাত বারোটা পর্যন্ত সুন্দর মতোই সামাজিক যাত্রাপালা হচ্ছিল এর পরেই কিছু খারাপ মেয়ে নিয়ে এসে তারা অশ্লীল গানের সাথে অশ্লীল নৃত্য শুরু করে এসময় এলাকার অনেক যুবকেরা চলে আসে।

সাংবাদিকের প্রশ্নের জবাবে তিনি জানান, মেয়েগুলো বাসা কোথায় আমরা জানি না তাদের ভাড়া করে নিয়ে আসে খারাপ নাচ দেখানোর জন্য।

তিনি আরো জানান, দুজন পুলিশ সদস্য এখানে উপস্থিত থেকে যাত্রাপালায় কোন প্রকার ঝামেলা না হয় তাই পাহারা দিচ্ছিল। বাওট গ্রামের বর্তমান মেম্বার সাহাবুল ইসলামের মুঠোফোনে ফোন দিয়েও তিনি ফোন রিসিভ করেননি।

কুমারীডাঙ্গা ক্যাম্পের এএসআই আসাদুজ্জামান জানান, সাবেক ও বর্তমান মেম্বারগন আমাকে চায়ের দাওয়াত দিয়েছিল যে কারণে আমি চা খেয়ে খেয়ে ডিউটিতে চলে আসি শুকুরকান্দি মাঠে।

সাংবাদিকের প্রশ্নের জবাবে তিনি জানান, সেখানে অনুমতি ছিল কিনা আমার জানা নেই আমি শুধুমাত্র চা খেয়ে চলে এসেছি।উক্ত অশ্লীল যাত্রাপালা সহযোগীতায় ছিলেন সাবেক মেম্বার নিয়ামত আলী, বর্তমান মেম্বার সাহাবুদ্দীন আহমেদ, বাওট সরকারী প্রাথমিক বিদ্যালয়ের দপ্তরি কাম নাইটগার্ড মনিরুজ্জামান মনি, কুমারীডাঙ্গা ক্যাম্পের এএসআই আসাদুজ্জামান, রবিউল ইসলাম, ময়নাল হক, জাহাঙ্গীর আলম, বাবলু, রাজ্জাক প্রমুখ।

গাংনীর কাজীপুরে ইসলামী ব্যাংকের উদ্যেগে ফ্রি মেডিকেল ক্যাম্প

গাংনীর কাজীপুরের গোলাম বাজারে ইসলামী ব্যাংক এজেন্ট শাখার উদ্যেগে ফ্রি মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে।

আজ শ্রক্রবার কাজীপুর গোলাম বাজারে দিন ব্যপি ফ্রি মেডিকেল ক্যাম্প চলমান থাকবে। এখানে মেয়ে ও পুরুষদের আলাদা আলাদা সিরিয়ালে রোগ নির্ণয় রকার্যক্রম চলছে।

স্থানীয় বীর মুক্তিযোদ্ধা গোলাম রহমান জানান, এই কাজীপুর এলাকাটি প্রত্যান্ত এলাকা এই এলাকায় ইসলামী ব্যাংক টি করে আমাদের গ্রামের মানুষকে আর ১০ কিলো দুরে যেতে হয় না। সুযোগ সুবিধাও অনেক সুন্দর। তার সাথে আজকে যে ফ্রি মেডিকেল ক্যাম্প দিয়েছে তা আমাদের এলাকার অনেক গরীব দুঃখি মানুষ চিকিৎসা নিতে পারছেন। ধন্যবাদ জানায় এজেন্ট ব্যাংকেল মালিক পলাশ ভাই কে।

এ বিষয়ে ইসলামী ব্যাংক কাজীপুর এজেন্ট শাখার মালিক সাজ্জাদ হুছাইন পলাশ জানান, আমরা ইসলামী ব্যাংক সেবার পাশাপাশি সামাজিক ভাবে মানুষের পাশে দাড়ানোর লক্ষ্যে আজকের ফ্রি মেডিকেল ক্যাম্প। আজকে এখানে ৩ জন মেডিসিন ডাক্তারসহ ২২ জন নার্স আছেন এখানে প্রাথমিক ভাবে ডাইবেটিজ পরিক্ষা প্রেশার পরিক্ষা করা হচ্ছে। এবং তাদের প্রথমিক ভাবে বিনামুল্যে ঔষধ দিচ্ছি।

এখানে আজকে ফরিদপুর মেডিকেল কলেজ এন্ড হসপিটালের একটি সংগঠন সলিউশন ফর হেলথ এন্ড স্যানিটাইজেশন এর সৌজনে আজকে এত বড় মেডিকেল ক্যাম্প। তাই ধন্যবাদ জানায় আজকের এই সংগঠনের চেয়ারম্যান ফারজানা ইয়াসমিন মৃদুলা কে।

মেহেরপুরে পৌঁছালো বহু কাঙ্খিত করোনা ভ্যাকসিন

প্রতীক্ষার অবসান ঘটিয়ে আজ শুক্রবার সকাল ৯ টার সময় কড়া নিরাপত্তা ব্যবস্থার মেহেরপুরে এসে পৌঁছাল প্রথম দফার এক কাটুন কোভিট-১৯ ভ্যাকসিন।

বেক্সিমকোর ডেপুটি ম্যানেজার কামরুল হাসানের নেতৃত্ব ঢাকা থেকে একটি মিনি কার্গো যোগে ভ্যাকসিন গুলো মেহেরপুরে সিভিল সার্জন অফিস কার্যালয়ে পৌঁছায়।

মেহেরপুর জেরার পক্ষ থেকে করোনার ভ্যাকাসন গ্রহণ করেন মেহেরপুরের সিভিল সার্জন ডাঃ মোঃ নাসির উদ্দিন।

এ সময় সেখানে উপস্থিত ছিলেন, নেজারত ডেপুটি কালেক্টর রাকিবুল ইসলাম, ইন্সপেক্টর আব্দুল আউয়াল সহ কমিটির অন্যান্য সদস্যগণ।

সিভিল সার্জন ডাঃ নাসির উদ্দিন জানান, অনলাইনে রেজিস্ট্রেশন এর মাধ্যমে পর্যায়ক্রমে ভ্যাকসিন দেওয়া হবে।

এদিকে কার্গোযোগে ভ্যাকসিন মেহেরপুর সীমানা পৌঁছালে মেহেরপুরের পুলিশের একটি দল কড়া নিরাপত্তার মধ্যে দিয়ে সিভিল সার্জনের কার্যালয় নিয়ে আসে।

মেহেরপুরে পৃথক অভিযানে ফেন্সিডিলসহ দুইজন আটক

মেহেরপুরে পৃথক অভিযানে ৪১ বোতল ফেন্সিডিলসহ দুইজন মাদক ব্যবসায়ীকে আটক করেছে ডিবি পুলিশ।

গত বুধবার বিকালে এস আই অজয় কুমার কুন্ডুর নেতৃত্বে অভিযান চালিয়ে সদর উপজেলার কোলা গ্রামে টিপু সুলতান (৩৮) নামের এক মাদক

ব্যবসায়ীকে ২৭ বোতল ফেন্সিডিলসহ আটক করা হয়।

আটক টিপু সুলতান একই গ্রামের পশ্চিম পাড়ার আসাদুল ইসলাম এর ছেলে। পরে একইদিন দিবাগত রাতে গাংনী উপজেলার খাসমহল এলাকায় অভিযান চালিয়ে লাল্টু হোসেন (২৮) নামের একজনকে ১৪ বোতল ফেন্সিডিলসহ আটক করা হয়। আটক লাল্টু হোসেন খাসমহল খালপাড়ার শফিউল খান এর ছেলে।

জেলা গোয়েন্দা পুলিশের ওসি জুলফিকার আলী বিষয়টি নিশ্চিত করে জানান, গোপন সংবাদের ভিত্তিতে পৃথক অভিযান চালিয়ে মেহেরপুর সদর ও গাংনীর খাসমহল থেকে একজন করে মোট দুইজন মাদক ব্যবসায়ীকে ফেন্সিডিলসহ আটক করা হয়েছে।

উভয়ের বিরুদ্ধে গাংনী ও মেহেরপুর সদর থানায় একটি করে নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

গাংনীতে কটন কানেক্ট ও প্রাইমার্ক প্রতিনিধিদলের তুলা ক্ষেত পরিদর্শন

গাংনীতে কটন কানেক্ট ও প্রাইমার্ক প্রতিনিধিদল সরেজমিনে তুলা ক্ষেত পরিদর্শন ও নিরীক্ষা করেছেন। গতকাল বৃহস্পতিবার সকাল সাড়ে ৯ টার সময় ভাটপাড়া গ্রামের মাঠে কটন কানেক্ট-এর কান্ট্রি রিপ্রেজেন্টেটিভ মো: হারুনর রশীদ-এর নেতৃত্বে তুলা চাষীদের সাথে মত বিনিময় ও পরে মাঠ ঘুরে ঘুরে তুলা ক্ষেত পরিদর্শন করেন। একইভাবে শানঘাট গ্রামে মহিলা চাষীদের নিয়ে দিক নির্দেশনামূলক বক্তব্য তুলে ধরে উঠান বৈঠক করেন।

এ সময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, প্রাইমার্কের কান্ট্রি রিপ্রেজেন্টেটিভ মো: ইসমাইল হোসেন। সফর সঙ্গী হিসেবে উপস্থিত ছিলেন, প্রাইমার্কের ১০ সদস্য বিশিষ্ট প্রতিনিধি দল। উপজেলার কসবা ভাটপাড়া মাধ্যমিক বিদ্যালয়ের হলরুমে চাষীদের সাথে তুলা জমি

প্রস্তুত, চাষ, পরিচর্যা, সার ব্যবস্থাপনা, কীটনাশক ব্যবস্থাপনা, তুলা উত্তোলন, সংরক্ষণ ও বাজারজাতকরণ প্রক্রিয়া বিষয়ক মতবিনিময় করেন। টিএমএসএস আইসিটি ডোমেইন এর বাস্তবায়ন, প্রাইমার্ক সাসটেইনেবল প্রজেক্ট এর অর্থায়নে এই তুলা ক্ষেত পরিদর্শনের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে টিএমএসএস’র চুয়াডাঙ্গার প্রজেক্ট কো-অর্ডিনেটর সোহাগ মোল্লার সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, প্রাইমার্কের কান্ট্রি রিপ্রেজেন্টেটিভ মো: ইসমাইল হোসেন।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, তুলা উন্নয়ন বোর্ডের সিসিডিও কৃষিবিদ সেন দেবাশিষ, কটন উন্নয়ন অফিসার রাকিবুল ইসলাম সরকার, ধানখোলা কটন ইউনিট অফিসার এরশাদুল হক, ফিল্ড এক্সিকিউটিভ (এফ,ই) মঈনুল ইসলাম কাজল, মো. সোহানুর রহমান, আল আমিন রাকিব প্রমুখ। এ সময় ভাটপাড়া কসবা গ্রামের ৪০ জন তুলা চাষী উপস্থিত ছিলেন।

প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, আধুনিক প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে অর্থকরী ফসল হিসেবে তুলা চাষে সকলকে এগিয়ে আসতে হবে। আপনাদের কষ্টার্জিত অর্থে উৎপাদিত বীজতুলার দাম বৃদ্ধি করতে আমরা কাজ করে যাচ্ছি। চাষীরা ভাল তুলা উৎপাদন করলে আমাদের সার্বিক সহযোগিতা থাকবে।

অনুষ্ঠানে তুলা চাষীদের মধ্যে বক্তব্য রাখেন, কসবা গ্রামের মুকুল হোসেন, কাউছার আলী, আব্দুল ওহাবসহ বেশ কয়েকজন। চাষীরা বলেন, তুলাবীজের মান উন্নত ও দাম কমাতে হবে। যথাসময়ে তুলা ক্রয় ও তুলার বাজার মূল্য বৃদ্ধি করলে আমাদের জন্য ভাল হয়।

গাংনীর তেঁতুলবাড়ীয়াতে গৃহবধূর আত্মহত্যা

গাংনীর তেঁতুলবাড়ীয়াতে কল্পনা খাতুন (৩০) নামের এক গৃহবধূ আত্মহত্যা করেছে। গতকাল বৃহস্পতিবার সকাল ১১ টার সময় উপজেলার

তেঁতুলবাড়িয়া ইউনিয়নের করমদি পশ্চিমপাড়ায় তার নিজ বাড়িতে গলায় ফাঁস লাগিয়ে আত্মহত্যা করে সে।

সে ঐ এলাকার সুজন আলীর স্ত্রী। স্থানীয়রা জানান, মানসিক অসুস্থাজনিত কারণে আত্মহত্যার ঘটনা ঘটতে পারে। তবে পরিবারের একটি সূত্র জানিয়েছে পারিবারিক কলহের জের ধরে কল্পনা খাতুন আত্মহত্যা করেছে।

গাংনী থানার ওসি বজলুর রহমান জানান আত্মহত্যার ঘটনা শুনে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। বিষয়টা খোঁজখবর নেওয়া হচ্ছে।